যুগান্তর

তারিখ ... ০৩ 2002
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৯

# ঢাকা ভার্সিটি শান্ত : আজ সিন্ডিকেট বৈঠক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এখন শান্ত। গত কয়েকদিনের অব্যাহত মিছিল সমাবেশের পর ক্যাম্পাসে বিরাজ করছে নীরবতা। ক্যাম্পাসে প্রবেশের সবকটি পথ এখনও বন্ধ। পরিচয়পত্র দেখে কেবল ছাত্র-শিক্ষকদের ঢুকতে দিচ্ছে পুলিশ। গতকাল দিনব্যাপী প্রতিকূল আবহাওয়া আর সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় আন্দোলনকারী কোন ছাত্রছাত্রীকে দেখা যায়নি। গতকাল তারুণ্যদীপ্ত টিএসসিসহ গোটা ক্যাম্পাস ছিল নিথর নিস্তব্ধ। মধুর ক্যান্টিন ছিল নেতাশূন্য। তবে পুলিশ-বিডিআরের কড়া প্রহরা যথারীতি ছিল। শাহবাগ, নীলক্ষেত, পলাশী দোয়েল চত্বর,

শান্ত : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

## শান্ত : ঢাকা ভার্সিটি

বকশিবাজার, ঢাকা মেডিকেল আর শহীদুল্লাহ হলের সামনে দিয়ে বিশ্ববিদ্যালয়ে ঢোকার প্রতিটি পথে রয়েছে পুলিশি কাঁটাতারের ব্যারিকেড। ক্যাম্পাসে প্রবেশের নিষেধাজ্ঞা কিছুটা শিথিল হয়েছে।

উপাচার্য-প্রক্টরের পদত্যাগের আন্দোলন বিক্ষোভের যবনিকা ঘটলেও শিগগিরই খোলা হচ্ছে বিশ্ববিদ্যালয়। কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করে বলেছেন, খুব তাড়াতাড়ি কতগুলো প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হলে ১০/১২ দিনের মধ্যেই বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে। কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান গতকাল বলেন, ডিনস কমিটি, প্রভোস্ট স্টান্ডিং কমিটি, শিক্ষা সমিতি, একাডেমিক কাউন্সিল এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক করে যত দ্রুত সম্ভব ক্যাম্পাস খুলে দেয়া হবে। সিন্ডিকেটের জরুরি বৈঠক আজ বিকাল ৫টায় অনুষ্ঠিত হবে। ক্যাম্পাসের বর্তমান এবং উপাচার্য-প্রক্টরের পদত্যাগসহ সার্বিক পরিস্থিতি নিয়ে এ বৈঠকে আলোচনা হবে। সাবেক উপাচার্য নির্বাহী ক্ষমতাবলে এক আদেশে গত শনিবার রাতে ক্যাম্পাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ অনুযায়ী সিন্ডিকেটের মাধ্যমে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার ট্রাডিশন চালু আছে। তবে অধ্যাদেশ অনুযায়ী উপাচার্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করলে ৭ দিনের মধ্যে রিপোর্ট ...তে হয়।